আসন্ন বিসিবি নির্বাচনের জন্য কমিশন গঠন



সংগৃহীত ছবি

আসন্ন বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) পরিচালনা পর্ষদ নির্বাচনের লক্ষ্যে তিন সদস্যের নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী আহসানুল করিমকে এই কমিশনের প্রধান হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

বিসিবির সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, কমিশনের অন্য দুই সদস্য হলেন গাজীপুর মহানগর পুলিশের কমিশনার ইসরাইল হাওলাদার এবং জাতীয় ক্রীড়া পরিষদের পরিচালক ও সহকারী সচিব এ বি এম এহসানুল মামুন। কমিশন পুরো নির্বাচনী প্রক্রিয়া পরিচালনা ও তদারকির দায়িত্ব পালন করবে।

নিয়ম অনুযায়ী দুইজন সদস্য বিসিবির মনোনয়নে এবং একজন জাতীয় ক্রীড়া পরিষদের মনোনয়নে কমিশনে যুক্ত হয়েছেন। নির্বাচন আয়োজনের তারিখ এখনো আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি, তবে প্রস্তুতিমূলক কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে।

এর অংশ হিসেবে কাউন্সিলর তালিকা চেয়ে বিভিন্ন ক্লাব, সংস্থা ও সংগঠনের কাছে চিঠি পাঠিয়েছে বিসিবি। ফলে নির্বাচনী প্রক্রিয়া ধীরে ধীরে সামনে এগোচ্ছে।

উল্লেখ্য, গত বছরের অক্টোবরে অনুষ্ঠিত নির্বাচনে ২৫ জন পরিচালক নির্বাচিত হন এবং পরে জাতীয় দলের সাবেক অধিনায়ক আমিনুল ইসলাম সভাপতি নির্বাচিত হন। তবে ওই নির্বাচন ঘিরে অনিয়মের অভিযোগ ওঠার পর চলতি বছরের ৭ এপ্রিল তার নেতৃত্বাধীন কমিটি ভেঙে দেয় জাতীয় ক্রীড়া পরিষদ।

পরবর্তীতে সাবেক অধিনায়ক তামিম ইকবালকে সভাপতি করে ১১ সদস্যের অ্যাডহক কমিটি গঠন করা হয় এবং তিন মাসের মধ্যে নতুন নির্বাচন আয়োজনের নির্দেশ দেওয়া হয়। সম্প্রতি তামিম ইকবাল জানিয়েছেন, জুনের প্রথম বা দ্বিতীয় সপ্তাহে বিসিবি নির্বাচন অনুষ্ঠিত হতে পারে।